

**আর বি আই, নতুন এন বি এফ সি গুলির পঞ্জীকরণ পদ্ধতি সরল ও যুক্তিগ্রাহ্য করার সিদ্ধান্ত নিল**

নতুন এন বি এফ সি গুলির পঞ্জীকরণ পদ্ধতি মসৃণতর ও নির্বিঘ্ন করার লক্ষ্যে পঞ্জীকরণ আবেদনপত্রের ফর্মা এবং দাখিলযোগ্য নথিপত্রের তালিকা সংশোধন করা হয়েছে। সংশোধিত পদ্ধতিতে এনবিএফসি -এর আবেদনকারীর দাখিলযোগ্য সেটে নথিপত্রের সংখ্যা বিদ্যমান পদ্ধতির 45 টির থেকে কমিয়ে 7-8 টি করা হয়েছে।

দ্বিতীয়ত:, এখন থেকে পরবর্তী সময়ে, পুঁজির উৎস এবং গ্রাহক চৌহদ্দি (Interface)-এর ভিত্তিতে আমানত গ্রহণ করতে পারবে না এমন এন বি এফ সি গুলির (এন বি এফ সি - এন ডি) নিম্নে প্রদত্ত দুটি আলাদা রকমের আবেদন জমা করতে হবে:

- রকম I – জনসাধারণের আমানত (টাকা) জমা নিচ্ছে না এমন এন বি এফ সি - এন ডি <sup>1</sup>/ ভবিষ্যতে জনসাধারণের আমানত জমা নিতে অনাগ্রহী এবং কোন গ্রাহক চৌহদ্দি নেই <sup>2</sup>/ ভবিষ্যতে জনসাধারণের আমানত জমা নিতে অনাগ্রহী
- রকম II - জনসাধারণের আমানত জমা নিচ্ছে না এমন এন বি এফ সি - এন ডি / ভবিষ্যতে জনসাধারণের আমানত জমা নিতে আগ্রহী এবং /অথবা গ্রাহক চৌহদ্দি আছে / ভবিষ্যতে গ্রাহক চৌহদ্দি গঠনে আগ্রহী

রকম I এন বি এফ সি - এন ডি আবেদনগুলির প্রক্রিয়াকরণ করা হবে দ্রুততার ভিত্তিতে। যেহেতু এই কোম্পানীগুলির জনসাধারণের আমানত (টাকা) গ্রহণের অধিকার থাকবে না এবং গ্রাহক চৌহদ্দি (Interface) থাকবে না এদের সমীক্ষা /পুংখানুপুঙ্খতা পর্যালোচনার ক্ষেত্রে অপেক্ষাকৃত কম কঠোরতা অবলম্বন করা হবো যদিও প্রথম প্রকার এন বি এফ সি - এন ডি কোম্পানী গুলিকে জারি করা পঞ্জীকরণ প্রমাণপত্র হবে শর্তসাপেক্ষে। এই কোম্পানীগুলির ক্ষেত্রে সাধারণ জনগণের কাছ থেকে আমানত (টাকা) গ্রহণ করা অথবা গ্রাহক চৌহদ্দি নির্মাণ করা নিষিদ্ধ থাকবো যদি এই কোম্পানীগুলি ভবিষ্যতে সাধারণ জনগণের কাছ থেকে আমানত (টাকা) গ্রহণ অথবা গ্রাহক চৌহদ্দি নির্মাণ করতে আগ্রহী হয় তবে তাদের ভারতীয় রিজার্ভ ব্যাংকের নন-ব্যাংকিং পর্যবেক্ষণ বিভাগ থেকে অনুমোদন নিতে

নিম্নলিখিত ফরমাগুলিকে সংশোধিত করা হয়েছে এবং আর বি আই ওয়েবসাইটে প্রদর্শিত -

- আবেদন পত্র
- প্রথম প্রকার এন বি এফ সি - এন ডি কোম্পানীগুলির পঞ্জীকরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র
- দ্বিতীয় প্রকার এন বি এফ সি - এন ডি কোম্পানীগুলির পঞ্জীকরণের জন্য প্রয়োজনীয় কাগজপত্র (তৎসহ এন বি এফ সি -এম এফ আই, এন বি এফ সি - ফ্যাক্টর, এন বি এফ সি -আই ডি এফ এর জন্য নতুন আবেদনপত্র)

ভারতীয় রিজার্ভ ব্যাংকের অনলাইন কসমস আবেদনপত্র পরিবর্তিত করা হয়েছে শুধুমাত্র সিআই সি -এন ডি -এস আই গুলির ক্ষেত্রে ছাড়া যার জন্য ভিন্ন আবেদনপত্র প্রস্তাবিত হয়েছে। উপরে বর্ণিত আবেদন প্রথম প্রকার এন বি এফ সি - এন ডি এবং দ্বিতীয় প্রকার এন বি এফ সি - এন ডি (তৎসহ এন বি এফ সি -এম এফ আই, এন বি এফ সি - ফ্যাক্টর, এন বি এফ সি -আই ডি এফ)-এর জন্য নতুন আবেদনপত্রের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

অধিকন্তু, পদ্ধতিটির কেন্দ্রীয়করণের লক্ষ্যে নতুন এন বি এফ সি-এর জন্য আবেদন সরাসরি জমা করতে হবে নন-ব্যাংকিং পর্যবেক্ষণ বিভাগের কেন্দ্রীয় কার্যালয়ের নীচে প্রদত্ত ঠিকানাতে :

মুখ্য মহাপ্রবন্ধক  
নন-ব্যাংকিং পর্যবেক্ষণ বিভাগ  
ভারতীয় রিজার্ভ ব্যাংক  
সেন্টার I, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার  
মুম্বাই -400 005

আরও জানানো হচ্ছে যে উল্লেখিত নথিপত্রের তালিকা নির্দেশমূলক কিন্তু সম্পূর্ণত পূর্ণাঙ্গ নয়। ভারতীয় রিজার্ভ ব্যাংক, যদি প্রয়োজনীয়ও মনে করে তবে পঞ্জীকরণে আগ্রহী কোম্পানীর কাছ থেকে তাদের যোগ্যতা নিশ্চিত করার জন্য আরও নথি চাইতে পারে। যদি ভারতীয় রিজার্ভ ব্যাংক নথিপত্রের তালিকাতে উল্লেখিত নথির ব্যতিরেকে অন্য নথিপত্র জমা করতে বলে তবে আবেদনকারীদের নির্ধারিত এক মাস সময়কালের মধ্যে তা সম্পন্ন করতে হবে।

### পটভূমি :

প্রসঙ্গত: উল্লেখ করা যেতে পারে যে প্রথম দ্বি-মাসিক অর্থনৈতিক নীতি বিবরণী – 2016-17 -তে বলা হয়েছিল যে নতুন এন বি এফ সি গুলির পঞ্জীকরণ পদ্ধতি মসৃণতর ও নির্বিঘ্ন করার লক্ষ্যে পঞ্জীকরণ পদ্ধতিকে সরল ও সংশোধিত করা হবে। নতুন আবেদনপত্র সরলতর হবে এবং জমা দেওয়া প্রয়োজনীয় নথিপত্রের সংখ্যা কমিয়ে ন্যূনতম করা হবে।

অজিত প্রসাদ

প্রেস প্রকাশনী : 2015-2016/2935

সহকারি উপদেষ্টা (অ্যাসিস্টেন্ট অ্যাডভাইসার)

<sup>1</sup> “জনসাধারণের আমানত”-এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে সাধারণ জনগণের কাছ থেকে টাকা তোলা, ব্যবসায়িক নথিপত্র (commercial paper), ঋণস্বীকারপত্র (debentures), আন্তঃসংস্থা জমা (inter-corporate deposits) এবং ব্যাংক সংক্রান্ত জমা (bank finance) কিন্তু অন্তর্ভুক্ত থাকবে না মূল ইনভেস্টমেন্ট কোম্পানীগুলির জন্য নিয়ন্ত্রণ পরিকাঠামোর মাধ্যমে সজ্জায়িত এবং বিজ্ঞপ্তি সং. DNBS (PD) CC.No. 206/03.10.001/2010-11 তারিখ জানুয়ারী 5, 2011 দ্বারা জারিকৃত বিজ্ঞপ্তি অনুসারে ইন্সট্রুমেন্ট জারির মাধ্যমে সংগৃহীত জমা যা আবশ্যিকভাবে জারি করার অনধিক 10 বছরের মধ্যে ইকুয়িটি শেয়ারে পরিবর্তনযোগ্য।

<sup>2</sup> “গ্রাহক চৌহদ্দি (Customer interface)” বলতে বোঝান হচ্ছে নন-ব্যাংকিং অর্থনৈতিক কাজকর্ম যেমন সজ্জায়িত আছে বিজ্ঞপ্তি সং. **DNBR. 008/CGM (CDS) -2015 তারিখ মার্চ 27, 2015**-এর মাধ্যমে জারিকৃত Non-Systemically Important Non-Banking financial (Non-Deposit Accepting or Holding) Companies Prudential Norms (Reserve Bank) Directions, 2015-এ, সেই কাজ সম্পন্ন করতে গিয়ে এন বি এফ সি এবং তাদের গ্রাহকদের মধ্যে যে পারস্পরিক সংযোগ গড়ে উঠবে, সেই সম্পর্ককে।